# মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা-১০০০।

# ভর্তি বিজ্ঞপ্তি-২০২৬

আগামি ২১/১১/২০২৫ খ্রি: তারিখ সকাল ১১:০০টা থেকে ০৫/১২/২০২৫ খ্রি: তারিখ বিকাল ৫:০০টা পর্যন্ত অনলাইনে https://gsa.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদন করতে হবে। **teletalk pre-paid mobile** নম্বর হতে **sms** এর মাধ্যমে ফি প্রদান করে ভর্তির আবেদনের কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ভর্তির শ্রেণি :

| শ্রেণি | শূন্য আসন - প্রভাতি | শূন্য আসন - দিবা |
|---|---|---|
| তৃতীয় | ১১০ জন | ১১০ জন |
| চতুর্থ | ০৪ জন | ০৪ জন |
| পঞ্চম | ০৬ জন | ০৭ জন |

১। আবেদন ফরমের মূল্য ১০০/- (একশত টাকা)।

২। অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী **https://gsa.teletalk.com.bd** এই ঠিকানায় পাওয়া যাবে।

**জ্ঞাতব্য :**

১। আবেদন ফরমে সঠিক ও সচল মোবাইল ফোন নম্বর দিতে হবে।

২। কোটাঃ (ক) বিদ্যালয় সংলগ্ন **Catchment area:** , মতিঝিল , শাহজাহানপুর ও খিলগাঁও থানায় বসবাসকারীদের জন্য ৪০% কোটা সংরক্ষিত থাকবে। কোটার স্বপক্ষে ভোটার আইডি/ফ্ল্যাটের মালিকের প্রমাণ/সরকারি বাসা বরাদ্দের প্রয়োজনীয় কাগজ/ভাড়া বাসার প্রমাণপত্র (ইউটিলিটি সার্ভিস এর বিল) দাখিল করতে হবে।

(খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের কন্যা ৫%।

(গ) বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থী ২% ।

(ঘ) (i) শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীগণের কন্যা ০.৫%।

(ii) শিক্ষা মন্ত্রণালয়ের অধিনস্থ দপ্তর / সংস্থার কর্মকর্তা/কর্মচারীগণের কন্যা ০.৫%।

(ঙ) যমজ বোন ২%

(চ) সহোদর বোন ৩%

৩। শিক্ষার্থী কোটার দাবিদার হলে আবেদন ফরমে কোটার জন্য সঠিক অপশন নির্বাচন করতে হবে।

৪। শিক্ষার্থী সর্বাধিক ০৫ (পাঁচ) টি বিদ্যালয়ে ভর্তির পছন্দক্রম দিতে পারবে। ডাবল শিফ্টের প্রতিষ্ঠানের ক্ষেত্রে উভয় শিফ্ট পছন্দ করলে ০২টি বিদ্যালয় পছন্দক্রম সম্পাদন হয়েছে বলে বিবেচিত হবে।

৫। অনলাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলি **www.dshe.gov.bd** এর **secondary circular/order** ও **www.teletalk.com.bd** ওয়েবসাইট হতে জানা যাবে।

৬। ৩য় শ্রেণির ক্ষেত্রেঃ- ২০২৬ শিক্ষাবর্ষে ভর্তিকালে কোন শিক্ষার্থীর বয়সসীমা সর্বনিম্ন ০৭ বছর হবে অর্থাৎ সর্বনিম্ন জন্ম তারিখ হবে ০১ জানুয়ারি ২০১৯ পর্যন্ত এবং সর্বোচ্চ বয়সসীমা ০৯ বছর পর্যন্ত অর্থাৎ জন্ম তারিখ ৩১ ডিসেম্বর ২০১৬ পর্যন্ত । পরবর্তী শ্রেণিসমূহের বয়স নির্ধারনের বিষয়টি ৩য় শ্রেণি মোতাবেক ধারাবাহিকভাবে প্রযোজ্য হবে।

৭। শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়ার লটারি অনুষ্ঠিত হবে। লটারির তারিখ , ভর্তির সময় ও তারিখ পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে।

**** কোন আবেদনকারী অসদুপায় অবলম্বন করে একই প্রতিষ্ঠানের একই শিফ্টে একাধিকবার আবেদন করলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে এবং আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।**

১৭/১১/২০২৫

শায়লা নাসরীন
প্রধান শিক্ষক
মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা।
E-mail : motijheelgovtgirls@yahoo.com